# এইসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**অর্থনীতি- দ্বিতীয় পত্র** বিষয় কোড : ১ ১ ০

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১▶ স্বাধীনতা লাভের আগে বিভিন্ন আমলে বাংলাদেশ বিভিন্নভাবে শোষিত ও বঞ্চিত হয়েছে। এর ফলে স্বাধীনতা লাভের পর বাংলাদেশ অর্থনৈতিক দিক দিয়ে দুর্বল ও পশ্চাৎপদ রয়ে যায়। বর্তমানে বাংলাদেশের কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্রে গুণগত পরিবর্তন অর্জিত হয়েছে। দেশের অর্থনীতিতে এখন কোনো স্থবিরতা নেই, বরং অর্থনীতির প্রায় সর্বক্ষেত্রেই গতিশীলতা এসেছে।

ক. অর্থনৈতিক মন্দা কাকে বলে? ১

খ. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান কীরূপ? ২

গ. বাংলাদেশের অর্থনৈতিক পশ্চাৎপদতা কখন এবং কেন ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক অবস্থা ব্যাখ্যা করো। ৪

২▶ অপু, জাহিদ ও শাহিন এরা পরস্পর ভাই। অপু অন্যের জমি বর্গায় চাষ করে। জাহিদ খাগড়াছড়িতে একটি পাহাড় লিজ নিয়ে সেখানে বৃক্ষায়নে নিয়োজিত আছে। শাহিন পুকুরে মাছ চাষ করে জীবিকা নির্বাহ করে।

ক. মাশরুম কী ধরনের ফসল? ১

খ. কৃষিজোত ও কৃষি খামার বলতে কী বোঝায়? ২

গ. উপরিউক্ত দৃশ্যকল্পে কৃষির যেসব উপখাতের কথা বলা হয়েছে সেগুলো বর্ণনা করো। ৩

ঘ. 'অপু অন্যের জমি বর্গা চাষ করে'— কথাটির সাথে সম্পৃক্ত কৃষি উপখাতটির উল্লিখিত সমস্যাটি কীভাবে উৎপাদন ব্যাহত করে? করো। ৪

৩▶ বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) দেশের বিভিন্ন অঞ্চলে উৎপাদিত ফসলের ওপর প্রামাণ্য চিত্র দেখিয়ে থাকে। অনুষ্ঠানটি প্রতি সপ্তাহে একবার প্রচারিত হয়। এখানে ফসল উৎপাদনের গুরুত্ব, অর্থনীতিতে এর অবদান এবং শস্য উৎপাদনের উদ্দেশ্য সম্পর্কিত নানা তথ্য দেওয়া হয়। গ্রাম কিংবা শহরের মানুষ এসব তথ্য পেয়ে বেশ উপকৃত হয়।

ক. কৃষিকাজ কী? ১

খ. কৃষি জাতীয় উন্নয়নে সহায়তা করে— ব্যাখ্যা করো। ২

গ. বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত কৃষিবিষয়ক অনুষ্ঠানে কৃষি কাঠামোর যে চিত্র ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে বাংলাদেশের কৃষি কাঠামোর যে বৈশিষ্ট্যগুলো আলোচিত হয়েছে সেগুলো মূল্যায়ন করো। ৪

৪▶ জনাব লোকমানের নারায়ণগঞ্জে একটি হোসিয়ারি কারখানা আছে। তার কারখানায় ৭০ জন শ্রমিক কাজ করে। তিনি তার দ্রব্য তৈরির কাজে বিদ্যুৎচালিত সেলাই মেশিন ও কাটিং মেশিন ব্যবহার করেন। তার কারখানার স্থায়ী মূলধনের পরিমাণ প্রায় ৫০ লক্ষ টাকা। প্রতিবছর তিনি তার ব্যবসা থেকে ভালো মুনাফা করছেন। জনাব লোকমানের মতো আরো অনেক উদ্যোক্তা এ ধরনের শিল্প স্থাপনে আগ্রহী হলে এদেশের অর্থনৈতিক উন্নয়ন আরো ত্বরান্বিত হতে পারে।

ক. শিল্প কী? ১

Teachingbd.com

খ. আমদানি বিকল্প শিল্পায়ন কৌশল কীভাবে দেশকে স্বনির্ভর হতে সাহায্য করে? ২

গ. উদ্দীপকের আলোকে জনাব লোকমানের কারখানাটি কোন ধরনের শিল্পের আওতাধীন? উক্ত শিল্পের বৈশিষ্ট্যগুলো সুনির্দিষ্টভাবে উল্লেখ করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্প বিকশিত হলে এদেশের অর্থনৈতিক উন্নয়ন কীভাবে ত্বরান্বিত হতে পারে বলে তুমি মনে করো। ৪

৫▶ 'ক' একটি উন্নয়নশীল দেশ। নিম্নের ছকে 'ক' দেশের জনসংখ্যা উৎপাদনের পরিমাণ উল্লেখ করা হলো:

| বছর | ১৯০০ | ১৯২৫ | ১৯৫০ | ২০২৫ |
|---|---|---|---|---|
| জনসংখ্যা | ১ | ২ | ৪ | ৩২ |
| খাদ্য উৎপাদন | ১ | ২ | ৩ | ৬ |

তবে 'খ' দেশে জনসংখ্যার অনুপাত, মাথাপিছু আয় ও জীবনযাত্রার মানের সাথে সামঞ্জস্যপূর্ণ।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. মানবসম্পদ উন্নয়নে স্বাস্থ্যখাতের ভূমিকা বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের 'ক' দেশের সাথে অর্থনীতিতে আলোচ্য কোন তত্ত্বটি সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আলোচ্য 'ক' এবং 'খ' দেশের জনসংখ্যার মধ্যে কোনটিতে কাম্য জনসংখ্যা রয়েছে তা যুক্তিসহকারে আলোচনা করো। ৪

৬▶ মাসুদের এলাকার এক চেয়ারম্যান পদপ্রার্থী তার এক বক্তৃতায় উল্লেখ করেন আমি নির্বাচিত হলে এলাকার সকল জনগণের জন্য খাদ্য প্রাপ্তি নিশ্চিত করব। এলাকার সকল নাগরিকের খাদ্য ক্রয়ক্ষমতার মধ্যে রাখব এবং খাদ্যোৎপাদনের সাথে জড়িত লোকদের সুন্দর ও স্বাচ্ছন্দ্যময় জীবনের ব্যবস্থা আমি নিশ্চিত করব।

ক. খাদ্য নিরাপত্তা কী? ১

খ. 'জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্যোৎপাদন বৃদ্ধি আবশ্যক'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. মাসুদের এলাকার চেয়ারম্যানের বক্তব্যে পাঠ্যবইয়ের যে ধারণার প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. মাসুদের এলাকার চেয়ারম্যান পদপ্রার্থী কার্যক্রম তিনটি মৌলিক বিষয়ের ওপর নির্ভরশীল— মূল্যায়ন করো। ৪

৭▶ জনাব কাঞ্চন বহুদিন যাবৎ আমেরিকায় চাকরি করেছেন। বড় বড় কোম্পানিতে প্রধান নির্বাহী হিসেবে কর্মরত থেকেছেন। বর্তমানে তিনি বাংলাদেশে নিজের সঞ্চিত অর্থ দিয়ে একটি শিল্প স্থাপনের পরিকল্পনা করছেন। তিনি অর্থ সংগ্রহ, অর্থের ব্যবহার এবং অর্থ ব্যবহারের কলাকৌশল ও নিয়ন্ত্রণ সম্পর্কে ভালো জ্ঞান রাখেন।

ক. শেয়ার কী? ১

খ. জমাতিরিক্ত ঋণের ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের যে ধারণার প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তার বর্ণনা দাও। ৩

ঘ. জনাব কাঞ্চন-এর কার্যাবলি পরিচালনার ক্ষেত্রে বেশকিছু গুরুত্বপূর্ণ উপাদান লক্ষণীয়—বিশ্লেষণ করো। ৪

৮▶ ইমান সাহেব একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি তার সংসারের প্রয়োজনে দৈনিক বাজার করেন। প্রতিদিন ১০০০ টাকা নিয়ে বাজারে যান এবং নির্ধারিত পণ্যদ্রব্য ক্রয় করেন। কিন্তু ইদানীং তিনি ১০০০ টাকার বিনিময়ে ওই নির্ধারিত

Teachingbd.com

পণ্যদ্রব্য ক্রয় করতে পারেন না।

ক. সূচক সংখ্যা কী? ১

খ. বাংলাদেশের মুদ্রাস্ফীতির দুটি কারণ বুঝিয়ে লেখো। ২

গ. অনুচ্ছেদের 'ইদানীং' অবস্থার প্রেক্ষিতে দেশের অর্থনৈতিক অবস্থার চিত্র কীরূপ হবে বলে মনে করো? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমান সাহেব এখন ১০০০ টাকার বিনিময়ে নির্ধারিত পণ্যদ্রব্য ক্রয় করতে না পারার পেছনে কী কারণ থাকতে পারে বলে মনে করো? তোমার মতামত দাও। ৪

৯ ▶ 'বাংলাদেশের অর্থনীতির গতি-প্রকৃতি' শীর্ষক একটি আলোচনা সভায় একজন বক্তা আশা প্রকাশ করলেন, বাংলাদেশ অচিরেই খাদ্য রপ্তানিকারক দেশে পরিণত হবে। তিনি বললেন, এদেশে প্রায় ১৮.৭৫ লক্ষ একর জমি এখনও অনাবাদি রয়েছে। বক্তব্যে তিনি নিম্নের তথ্যও তুলে ধরলেন:

| অর্থবছর | খাদ্যশস্য উৎপাদন (লক্ষ মেট্রিক টন) | খাদ্যশস্য আমদানি (লক্ষ মেট্রিক টন) |
|---|---|---|
| ২০০৮-২০০৯ | ৩২৯ | ৩০ |
| ২০০৯-২০১০ | ৩৪১ | ১৮ |

ক. বিশ্বায়ন কী? ১

খ. সংস্কৃতির ক্ষেত্রে বিশ্বায়নের প্রভাব কেমন? ২

গ. বক্তার প্রদত্ত তথ্য স্তম্ভচিত্র এঁকে দেখাও। ৩

ঘ. তুমি কি বক্তার আশাবাদের সাথে একমত? প্রদত্ত তথ্যের আলোকে যুক্তি দাও। ৪

১০ ▶ রফিক সাহেব একজন ব্যবসায়ী। গাজীপুর সিটি কর্পোরেশন মার্কেটে তার একটি মুদি দোকান আছে। দোকানে চাল, ডাল, তেলসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্য বিক্রি হয়। সিটি কর্পোরেশনের মেয়র আয় বাড়ানোর জন্য ডাল বিক্রয়ের ওপর করারোপ করলেন। প্রতি কেজি ডাল বিক্রি করলে ২.০০ টাকা হারে সিটি কর্পোরেশনকে কর দিতে হবে।

ক. কর কী? ১

খ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে প্রত্যক্ষ করের প্রভাব ব্যাখ্যা করো? ২

গ. ডাল বিক্রয়ের ওপর আরোপিত করকে কোন ধরনের কর বলা হয় উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত কর পরিশোধ কেন অধিক জনপ্রিয় তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১ ▶ বাংলাদেশ পৃথিবীর স্বল্প আয়ের দেশগুলো পর্যায়ভুক্ত। এদেশের অধিকাংশ মানুষ কৃষিনির্ভর। কৃষিকাজ করে তারা যে সামান্য আয় করেন তা দিয়ে নিজেদের খাদ্যের অভাব যেমন পূরণ করতে পারেন না তেমনি পরবর্তী বছর বিনিয়োগ করার মতো সম্পদ সঞ্চয় করতে পারেন না। বাংলাদেশের দারিদ্র্যের এ চক্র থেকে বের হওয়ার জন্য এক ধরনের পরিকল্পনা গ্রহণ করতে হবে। তবেই খাদ্যে স্বয়ংসম্পূর্ণতাসহ বিভিন্ন ক্ষেত্রে এদেশ অগ্রগতি অর্জন করবে।

ক. বাংলাদেশে শতকরা কত জন মানুষ দরিদ্র? ১

খ. সঞ্চয়কে অর্থনৈতিক উন্নয়নের মূল চাবিকাঠি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে কোন ধরনের পরিকল্পনার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত পরিকল্পনা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সক্ষম? তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা    বিষয় কোড: | ১ | ১ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **জনপ্রতি আয়কে কী বলা হয়?**
ⓚ বার্ষিক আয়    ⓚ জাতীয় আয়
ⓖ মাথাপিছু আয়    ⓖ নিট আয়

২. **বাংলাদেশের অর্থনীতির পশ্চাৎপদতার অন্যতম প্রধান কারণ কোনটি?**
ⓚ বেকারত্ব
ⓚ মুদ্রাস্ফীতি
ⓖ জনাধিক্য
ⓖ রাজনৈতিক অস্থিতিশীলতা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

আফজাল মিয়া রাজাপুর গ্রামের একজন কৃষক। কিছুদিন যাবৎ তার উৎপাদিত ফসল থেকে কাঙ্ক্ষিত লাভ পাচ্ছেন না। অপরদিকে, তার বন্ধু করিম শেখ রাজাপুর বাজারে নিজ উদ্যোগে একটি ম্যানুফ্যাকচারিং কারখানা গড়ে তুলেছেন। তাই আফজাল মিয়া চিন্তা করলেন, তার বন্ধুর প্রতিষ্ঠানে অন্য শ্রমিকদের সাথে কর্মসংস্থানের ব্যবস্থা করবেন।

৩. **করিম শেখের কারখানাটি কোন খাতের অন্তর্গত?**
ⓚ সেবা খাত    ⓚ শিল্প খাত
ⓖ কৃষি খাত    ⓖ সরকারি খাত

৪. **উক্ত খাতের অন্তর্গত উপখাত হলো—**
i. খনিজ ও খনন    ii. নির্মাণ শিল্প
iii. বিদ্যুৎ খাত
**কোনটি সঠিক?**
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

৫. **বাংলাদেশে কোনটি শস্যোৎপাদনে পরিবর্তনের ধারায় অন্তর্ভুক্ত নয়?**
ⓚ উচ্চফলনশীল বীজ    ⓚ ফসলের বহুমুখীকরণ
ⓖ ফলের গাছ রোপণ    ⓖ সমবায় খামার

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

সেলিম ভূঁইয়ার বাড়ি সুবর্ণ চরে। ওই এলাকার বেশিরভাগ খামারের আয়তন খুব ছোট। এলাকায় ০.৫-২.৪৯ একরের খামার হলো মোট খামারের ৮০ ভাগ। এলাকায় বৃহদায়তন খামার (১২ একর বা তদূর্ধ্ব)-এর সংখ্যা খুবই কম।

৬. **সেলিম ভূঁইয়ার এলাকার কোন দেশের খামারের আয়তনের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে?**
ⓚ বাংলাদেশের    ⓚ থাইল্যান্ডের
ⓖ মায়ানমারের    ⓖ ভারতের

৭. **সুবর্ণ চরের খামারের আয়তন প্রমাণ করে—**
i. চাষাবাদ পদ্ধতি সনাতনী রয়েছে
ii. কৃষকদের আর্থসামাজিক অবস্থা অনুন্নত
iii. আধুনিক কৃষিব্যবস্থা প্রচলিত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

৮. **কৃষিখাতের সার্বিক উন্নয়নের জন্য বাংলাদেশ সরকারের গৃহীত কার্যক্রমগুলো নিম্নরূপ —**
i. উন্নতমানের ও উচ্চ ফলনশীল বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ
ii. ভূমিহীন কৃষকদেরকে মধ্যে স্বল্পমূল্যে কৃষি উপকরণ সরবরাহ
iii. ক্ষুদ্র সেচ সম্প্রসারণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii    ⓚ ii ও iii
ⓖ i ও iii    ⓖ i, ii ও iii

৯. **"বাজারজাতকরণ এরূপ একটি কার্যক্রম যা ভোক্তাদের চাহিদা ও প্রয়োজন আবিষ্কার করে, সে অনুসারে পণ্য বা সেবা উৎপন্ন করে এবং যা চাহিদা সৃষ্টি ও চাহিদা বৃদ্ধির কাজে ব্যাপৃত।" — এ সংজ্ঞাটি কে দিয়েছেন?**
ⓚ আর. এল. কোহলস    ⓚ হ্যানসেন
ⓖ অধ্যাপক মার্শাল    ⓖ এডাম স্মিথ

১০. **Biotechnology শব্দটি প্রথম কে প্রবর্তন করেন?**
ⓚ Marshall    ⓚ Kerl Ereky
ⓖ P.A Samuelson    ⓖ Adam Smith

১১. **২০১০ শিল্পনীতি অনুযায়ী কুটির শিল্প বলতে বোঝায়—**
i. স্থায়ী সম্পদের ব্যয় ৫ লক্ষ টাকার বেশি
ii. পরিবারের প্রাধান্য
iii. শ্রমিক সংখ্যা সর্বোচ্চ ১০ জন
**নিচের কোনটি সঠিক ?**
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

১২. **রপ্তানিমুখী বৃহৎ শিল্পগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড় শিল্প?**
ⓚ বস্ত্র শিল্প    ⓚ তৈরি পোশাক শিল্প
ⓖ পাট শিল্প    ⓖ চা শিল্প

১৩. **প্রাকৃতিক আঁশের জনপ্রিয়তা বৃদ্ধি ও পরিবেশবান্ধব হওয়ায় জাতিসংঘ কোন সালকে 'প্রাকৃতিক আঁশ বর্ষ' হিসেবে ঘোষণা করেছে?**
ⓚ ১৯৯৯    ⓚ ২০০৪
ⓖ ২০০৯    ⓖ ২০১২

১৪. **রাষ্ট্র গঠনের অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?**
ⓚ সরকার    ⓚ জনসংখ্যা
ⓖ সার্বভৌমত্ব    ⓖ সংবিধান

teachingbd.com

১৫. যদি 'ক' দেশের মোট জনসংখ্যা ১২.৯৩ কোটি এবং আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার হয় তবে জনসংখ্যার ঘনত্ব কত?

ক) ৯১২ জন  খ) ৮২১ জন
গ) ৮৭৬ জন  ঘ) ৭৫৫ জন

১৬. ডাল্টনের সূত্র অনুসারে, M-এর মান শূন্য হলে একটি দেশের জনসংখ্যা কোন প্রকৃতি নির্দেশ করে?

ক) জনবহুল  খ) কম জনসংখ্যা
গ) শূন্য জনসংখ্যা  ঘ) কাম্য জনসংখ্যা

১৭. খাদ্য প্রাপ্তির বিষয়টি নিচের কোনটির সাথে সম্পৃক্ত?

ক) খাদ্যের চাহিদা  খ) খাদ্যের যোগান
গ) খাদ্য সংগ্রহ  ঘ) খাদ্য সংরক্ষণ

১৮. খাদ্যের ব্যবহারের মধ্যে কোনটি গুরুত্বপূর্ণ?

ক) খাদ্যের সুষ্ঠু বন্টন
খ) পানি ও স্যানিটেশন
গ) নিরাপদ খাদ্য সরবরাহ
ঘ) খাদ্যের সহজলভ্যতা

১৯. নিরাপদ খাদ্যে দূষণ দেখা দিতে পারে—

i. ব্যাকটেরিয়া দিয়ে
ii. চুল, প্লাস্টিক বা মৃত পতঙ্গ দিয়ে
iii. সুগন্ধি জাতীয় পদার্থ দিয়ে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০. ডা. পাল গান্ধীজি আশ্রম নামে একটি প্রতিষ্ঠান চালু করেছেন যেখানে বিনামূল্যে চক্ষু সেবা দেওয়া হয়। এ প্রতিষ্ঠানে কী ধরনের অর্থায়ন হয়ে থাকে?

ক) ব্যবসায় অর্থায়ন  খ) বেসরকারি অর্থায়ন
গ) ব্যক্তিগত অর্থায়ন  ঘ) অব্যবসায় অর্থায়ন

২১. বন্ড ইস্যু করতে পারে —

i. সরকারি প্রতিষ্ঠান  ii. বেসরকারি প্রতিষ্ঠান
iii. পাবলিক লিমিটেড কোম্পানি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২২. বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে আমদানি অপেক্ষা রপ্তানি বেশি হলে কী ঘটে?

ক) দাম হ্রাস  খ) মুদ্রা প্রবাহ হ্রাস
গ) মুদ্রা সংকোচন  ঘ) মুদ্রাস্ফীতি

২৩. Bureau of Labour Statistics (BLS)-এর মতে, মুদ্রাস্ফীতি পরিমাপের সবচেয়ে পুরাতন পদ্ধতি কোনটি?

ক) ভোক্তার মূল্যসূচক
খ) অব্যক্ত অবমূল্যায়ন সূচক
গ) উৎপাদকের মূল্যসূচক
ঘ) মুদ্রাস্ফীতিজনিত ফাঁক

২৪. বিশ্বায়ন ধারণাটি মূলত 'গ্লোবাল ভিলেজের' ধারণা থেকে উদ্ভব—কে বলেছেন?

ক) মার্টিন এলকে  খ) অনিটা রডিস
গ) মার্শাল ম্যাকলোহান  ঘ) গিলবার্ট

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

আমেরিকার বিশিষ্ট অর্থনীতিবিদ রিকি রিচার্ডস সম্প্রতি বাংলাদেশে এসে বেশ কয়েকটি দ্রব্যসামগ্রী উৎপাদনের ব্যাপারে সরকারকে আরও যত্নশীল হওয়ার পরামর্শ প্রদান করেন। তিনি যেসব দ্রব্যসামগ্রীর কথা বলেছেন তার মধ্যে অন্যতম রয়েছে— কাঁচাপাট, পাটজাত দ্রব্য, চা, চামড়া, হিমায়িত খাদ্য ইত্যাদি।

২৫. রিকি রিচার্ডস-এর বক্তব্যে বাংলাদেশের কোন ধরনের পণ্যের গুরুত্ব প্রকাশিত হয়েছে? [প্রয়োগ]

ক) অপ্রচলিত পণ্য  খ) বিলাসদ্রব্য
গ) আমদানি পণ্য  ঘ) রপ্তানি পণ্য

২৬. উক্ত পণ্য সম্প্রসারণের জন্য প্রয়োজন—

i. শুল্ক রেয়াত
ii. আমদানি নীতি উদারিকরণ
iii. ট্যাক্স হলিডে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৭. নিচের কোনটি হস্তান্তর ব্যয়?

ক) সরকারি ঋণের সুদ  খ) যুদ্ধজনিত ব্যয়
গ) মানবসম্পদ উন্নয়ন ব্যয়
ঘ) আধা সামরিক ব্যয়

২৮. মুদ্রাস্ফীতির দিক হতে সরকারি ব্যয়ের অর্থসংস্থানের কোন পদ্ধতিটি আপেক্ষিকভাবে উত্তম বলা যায়?

ক) নতুন মুদ্রা সৃষ্টি  খ) ঋণ গ্রহণ
গ) অতিরিক্ত কর আরোপ  ঘ) সরকারি তহবিল গঠন

২৯. কোন কর মুদ্রাস্ফীতি রোধে সহায়ক?

ক) আয়কর  খ) মূল্য সংযোজন কর
গ) মুনাফা কর  ঘ) বিক্রয় কর

৩০. স্বল্পমেয়াদি পরিকল্পনার সুবিধা হলো—

i. সম্পদ কম লাগে
ii. দ্রুত লক্ষ্যমাত্রা অর্জন
iii. ব্যপ্তিকাল কম তাই পরিকল্পনা নির্ভুল

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

http://teachingbd.com